

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৬৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. তৃতীয় অনুচ্ছেদ - সালাতে কিরাআতের বর্ণনা

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ بْنِ مَسْعُودٍ قَالَ: قَرَأً رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاةِ الْمَغْرِبِ بِ (حم الدُّخَانِ) الْمَغْرِبِ بِ (حم الدُّخَانِ) رَوَاهُ النَّسَائِيِّ مُرْسلا

বাংলা

৮৬৭-[৪৬] 'আবদুল্লাহ ইবনু 'উতবাহ্ ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মাগরিবের সালাতে সূরাহ্ 'হা-মিম আদ্ দুখান' তিলাওয়াত করলেন। (নাসায়ী)[1]

ফুটনোট

[1] সানাদটি য'ঈফ: নাসায়ী ৯৯৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসসমূহ দ্বারা এটা বুঝা যায় যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক এক সময় একেক সূরাহ্ পাঠ করতেন এবং কখনো এক সূরাহ্ ভাগ করে পড়তেন। এভাবে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সমস্ত কুরআন পাঠ করতেন আর বর্ণনাকারীগণ যখন যা শুনেছেন বা অবগত হয়েছেন তাই বর্ণনা করেছেন। মোটকথা বিশেষ বিশেষ সালাতে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেসব সূরাহ্ পড়েছেন বলে সহীহভাবে প্রমাণিত আছে সেগুলোর উপর 'আমল করা সুন্নাত। তবে এটা মনে রাখতে হবে যে, কোন সালাতের জন্য কোন সূরাহ্ বা আয়াতকে খাস করে নেয়া ঠিক নয়। তাই মাঝে মধ্যে সূরাহ্ পরিবর্তন করে পড়া ভালো।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55426}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন